

## Schick® ম্যানস কর্নার



মোটর বাইক একদিকে যেমন অত্যন্ত সহজলভ্য ও প্রয়োজনীয় পরিবহন, তেমনি উন্নত জীবনযাত্রা ও ব্যক্তিত্বের প্রকাশও বটে। আমাদের দেশে বর্তমানে যেকোনো উঠতি বয়সের তরুণকে যদি জিজ্ঞেস করা হয় 'তোমার কি চাই'? সে তৎক্ষণাৎ উত্তর দেবে, 'একটি মোটর বাইক'। কলেজ, ইউনিভার্সিটি, কর্মসংস্থানে যাতায়াত, বন্ধুদের সঙ্গে ঘোরাফেরা অথবা বিশেষ কারো সঙ্গে মধুর ও ব্যক্তিগত সাক্ষাতে পরিবহন হিসেবে বাইকের জুড়ি নেই।

### কিভাবে যত্ন নেবেন

১. সব সময় বাইকে 'এ' গ্রেডের মোবিল ব্যবহার করা উচিত এবং প্রতি ২ থেকে ৩ হাজার কিমি পর পর মোবিল পরিবর্তন করা উচিত।
২. 'এ' গ্রেডের মোবিল ব্যবহার না করলে প্রতি ৭০০ থেকে ১ হাজার কিমি পরপর মোবিল পরিবর্তন করা প্রয়োজন।
৩. অন্তত প্রতি ৩-৪ মাস অন্তর অন্তর একবার বাইক সার্ভিসিং করাবেন।
৪. প্রতিদিন ব্যবহারের পর বাইক পরিষ্কার করা ভালো।
৫. সপ্তাহে অন্তত একদিন বাইক পানি দিয়ে ধুয়ে মোটর বাইক পলিশ দিয়ে পলিশ করবেন। এসব পলিশ বাজারে অত্যন্ত সহজলভ্য।
৬. ভালো এবং পরিষ্কার তেল ব্যবহার করা উচিত। ৪-স্ট্রোক বাইকের জন্য অকটেন এবং ২-স্ট্রোক বাইকের জন্য পেট্রোল ব্যবহার করা ভালো।

আমাদের দেশে অনেক মডেলের বাইক রয়েছে এবং আরো নতুন নতুন মডেল এখন বাজারে আসছে। চীন, ভারত এবং এখন পাকিস্তান থেকেও মোটর বাইক আমদানি করা হচ্ছে। এই মডেলগুলোর মধ্যে ভারতীয় মডেলই বেশি জনপ্রিয়।

ভারতীয় বাইকগুলোর মধ্যে উল্লেখযোগ্য হলো, ইয়ামাহা আর এক্স ১০০ সিসি হিরো হোন্ডা স্পিন্টার, ১০০ সিসি হিরো হোন্ডা সিভিজিড, ১৫৬ সিসি, হিরো হোন্ডা অ্যামবিশান ১২৫ সিসি, হিরো হোন্ডা প্যাশান প্লাস ১০০ সিসি বাজাজ ক্যালিবার ১১৫ ও ১২৫ সিসি। চীনের বাইকগুলোর মধ্যে উল্লেখযোগ্য হলো জিংফু ১০০ ও ১২৫ সিসি, ডিলেম ১০০ ও ১২৫ সিসি।

পাকিস্তানি মডেলের মধ্যে উল্লেখযোগ্য হলো হোন্ডা সিভি ১২৫ সিসি। যা পাকিস্তান ও জাপানের যৌথ উদ্যোগে তৈরি।

এই মডেলগুলো অত্যন্ত সাশ্রয়ীমূল্যে ক্রয় করা সম্ভব। ভারতীয় বাইকগুলোর মূল্য ৭০ হাজার থেকে ১ লাখ ১০ হাজার টাকা, চীনের মডেল ৫০ থেকে ৮৫ হাজার টাকা এবং পাকিস্তানি মডেল ৬০ থেকে ৮০ হাজার টাকায় বাজারে পাওয়া যায়।

ঢাকায় অনেক মোটর বাইক শোরুম রয়েছে সেখান থেকে আপনি আপনার পছন্দমতো বাইক কিনতে পারেন। বংশাল, ইস্কাটন, লালমাটিয়া, গুলশান ও উত্তরা এলাকা মোটর বাইকের শোরুমের জন্য অন্যতম। এসব শোরুম থেকে আপনি কিনতে পারেন আপনার ব্যক্তিত্বের সঙ্গে মানানসই একটি মোটর বাইক।

সাইমন মোহসিন

ছবি : আনোয়ার মজুমদার